

বরাবর

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



বিষয়ঃ যোগদান পত্র।

মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩১ জুলাই ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১২.০০২.২১-৫৯৩ সংখ্যক প্রজ্ঞাপন মূলে নিম্নস্বাক্ষরকারীকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান পদে নিয়োগ করা হয় (কপি সংযুক্ত)। উল্লিখিত পদে যোগদানের জন্য আমাকে স্থানীয় সরকার বিভাগের ০৪ আগস্ট ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১১.০১৪.২০১৭-৮৯১ সংখ্যক অফিস আদেশ মূলে ০৭ আগস্ট ২০২২ তারিখ অপরাহ্ন হতে অবমুক্ত করা হয়েছে (কপি সংযুক্ত)। এ পরিপ্রেক্ষিতে, আমি আজ ০৭ আগস্ট ২০২২ তারিখ অপরাহ্নে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান পদে যোগদান করলাম।

এমতাবস্থায়, আমার যোগদানপত্র গ্রহণ করার জন্য সবিনয় অনুরোধ করছি।

আপনার অনুগত,  
স্বাক্ষরিত/-  
০৭/০৮/২০২২  
কাজী আশরাফ উদ্দীন  
পরিচিতি নং- ৫৬৯৮  
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)  
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

নং-৩৩.০০.০০০০.১০৮.৯৯.০১৩.২২-৭৫০

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৯  
১০ আগস্ট ২০২২

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জনাব কাজী আশরাফ উদ্দীন, চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, কাওরান বাজার, ঢাকা।
৫. উপপরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৬. পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৮. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
১১. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, চট্টগ্রাম।
১২. মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, মন্ত্রণালয়।
১৮. অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১৯. যুগ্মসচিব এর ব্যক্তিগত কর্মকর্তা (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

(আবুল কালাম আজাদ)  
উপসচিব  
ফোনঃ ৫৫১০১০৪০